দৈনিক ইত্তেফাক

তারিখ ...

পৃষ্ঠা ... কলাম ...

AUG 09 2002

# সরকার কম্পিউটার শিক্ষাকে সার্বজনীন করতে অঙ্গীকারাবদ্ধ ............প্রধানমন্ত্রী

বাসস ॥ প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া বলেছেন, তার সরকারের লক্ষ্য হচ্ছে কম্পিউটার শিক্ষার উন্নয়ন এবং একে পর্যায়ক্রমে সার্বজনীন করা। তিনি বৃহস্পতিবার প্রধানমন্ত্রীর কার্যালয়ে তথ্য যোগাযোগ প্রযুক্তি (আইসিটি) জাতীয় টাস্ক ফোর্সের তৃতীয় বৈঠকে সভাপতিত্ব করছিলেন। বেগম জিয়া

(১৫শ পৃষ্ঠায় ৩-এর কঃ দ্রঃ)

## প্রধানমন্ত্রী

(শেষ পৃষ্ঠার পর)

আইসিটি'র প্রসার এবং সরকারী ও বেসরকারী প্রতিষ্ঠানে এর ব্যবহারের ব্যাপারে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন।

তিনি বলেন, এই প্রযুক্তি নির্ভর প্রতিষ্ঠানসমূহকে শিক্ষা ও প্রশিক্ষণের মান বজায় রাখতে হবে। এ প্রসঙ্গে বেগম জিয়া বলেন, দরিদ্র অথচ মেধাবী ছাত্র বিশেষ করে মেয়েদের জন্য বিশ্ববিদ্যালয় পর্যায়ে আইটি শিক্ষার ক্ষেত্রে প্রধানমন্ত্রীর বৃত্তি চালু করা হবে- যাতে করে অর্থের অভাবে এই বিভাগে তাদের উচ্চতর শিক্ষা ব্যাহত না হয়।

বৈঠকে অর্থ ও পরিকল্পনামন্ত্রী এম সাইফুর রহমান, বাণিজ্যমন্ত্রী আমীর খসরু মাহমুদ চৌধুরী, বিজ্ঞান ও আইসিটি মন্ত্রী ড. আব্দুল মঈন খান, ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রী ব্যারিস্টার আমিনুল হক প্রমুখ উপস্থিত ছিলেন। বৈঠকে সিদ্ধান্ত গৃহীত হয় যে, যাতে করে এ খাতে বেসরকারী বিনিয়োগের মাধ্যমে সারাদেশে প্রতিটি গ্রামে গণমানুষের কাছে টেলিফোন সুবিধা পৌঁছে যায় সে লক্ষ্যে বাংলাদেশ টেলিযোগাযোগ রেগুলেশন কমিশন লাইসেন্স ইস্যু করবে।

এই সিদ্ধান্ত সারাদেশে পাবলিক কল অফিস (পিসিও) প্রতিষ্ঠা এবং ইন্টারনেট সার্ভিস সম্প্রসারণে সহায়ক হবে। বৈঠকে দস্যুতারোধে বর্তমান সাইবার ও সফটওয়্যার আইন বলবৎ করার সিদ্ধান্ত গৃহীত হয়। বৈঠকে খসড়া আইসিটি পলিসি চূড়ান্তকরণ এবং আইসিটি ক্ষেত্রে প্রশিক্ষণ ও শিক্ষা প্রদানকারী প্রায় ১৫০০ কম্পিউটার প্রতিষ্ঠানকে শৃঙ্খলাবদ্ধ করার ওপর জোর দেয়া হয়। বৈঠকে আরো সিদ্ধান্ত নেয়া হয়, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল এসব প্রতিষ্ঠানকে সুশৃঙ্খল করার লক্ষ্যে দিক-নির্দেশনা দেবে, যাতে করে প্রশিক্ষার্থীরা যথাযথ শিক্ষালাভ এবং নিজেদের দক্ষ হিসেবে গড়ে তুলতে পারে।